শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ ফুলবাড়ী, দিনাজপুর এর ৫২তম সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ আতাউর রহমান মিল্টন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর।

আলোচ্য মাস : আগস্ট, ২০২৩

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ
ফুলবাড়ী, দিনাজপুর।

তারিখ : ২১/০৯/২০২৩ খ্রিঃ।

সময় : সকাল- ১০:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের তালিকা : 'ক'
অনুপস্থিত সদস্যগণের তালিকা : 'খ'

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্য ও ইউপি চেয়ারম্যানগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী পূর্ববর্তী সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। বিভিন্ন ইউনিয়ন পরিষদের উন্নয়ন সংক্রান্ত বিষয়ে আলোচনাঃ

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ফুলবাড়ী পৌরসভাঃ মেয়র, ফুলবাড়ী পৌরসভা ফুলবাড়ী দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | মেয়র, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | মেয়র, ফুলবাড়ী পৌরসভা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.১ নং এলুয়াড়ী ইউপিঃ চেয়ারম্যান এলুয়াড়ী ইউপি সভায় তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। পুটকিয়া হতে দেশমা রোড়ে জলাবদ্ধতা রোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন এছাড়াও তার ইউনিয়নের গুচ্ছগ্রামের ব্যারাক ঘরের অবস্থা জরাজীর্ন। সেগুলো মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন | ০১। চেয়ারম্যান, এলুয়াড়ী ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। সভায় সর্বসম্মতিক্রমে ফুলবাড়ী উপজেলার সকল গুচ্ছগ্রামের মেরামত যোগ্য ব্যারাক ঘরের তালিকা ইউনিয়ন পরিষদ সমন্বয় সভায় অনুমোদন করে উপজেলা পরিষদ সমন্বয় সভায় সুপারিশসহ প্রেরণের অনুরোধ করা হলো। | চেয়ারম্যান ০১নং এলুয়াড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর<br>চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ ফুলবাড়ী, দিনাজপুর |
| ২.২ নং আলাদীপুর ইউপিঃ চেয়ারম্যান আলাদীপুর ইউপি সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | ০১। চেয়ারম্যান, আলাদীপুর ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | চেয়ারম্যান আলাদীপুর ইউপি ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.৩ নং কাজিহাল ইউপিঃ চেয়ারম্যান কাজিহাল ইউপি সভায় জানান তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। চিন্তামন-আটপুকুরহাট রাস্তায় প্রায় ৫০ফিট ডাউন আছে। দ্রুত মেরামত করা প্রয়োজন এবং ঝাঝিরা গ্রামের একটি কালভার্ট নির্মানের জন্য ১% থেকে অর্থ বরাদ্দ প্রয়োজন। | চেয়ারম্যান, কাজিহাল ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করবেন। | চেয়ারম্যান কাজিহাল ইউপি ফুলবাড়ী, দিনাজপুর।<br>উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর |
| ২.৪ নং বেতদিঘী ইউপিঃ চেয়ারম্যান বেতদিঘী ইউপি সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | ০১। চেয়ারম্যান, বেতদিঘী ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। বিধি মোতাবেক ঝুকিপূর্ন গাছ গুলো দ্রুত অপসারনের সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান বেতদিঘী ইউপি ফুলবাড়ী, দিনাজপুর<br>উপজেলা বন কর্মকর্তা ফুলবাড়ী, দিনাজপুর |
| ২.৫ নং খয়েরবাড়ীঃ চেয়ারম্যান খয়েরবাড়ী ইউপি সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে আপাতত কোন সমস্যা নাই। জনস্বাস্থ্য কর্তৃক স্থাপিত টিউবওয়েলগুলোর কাজ দ্রুত সম্পাদনের জন্য অনুরোধ জানান এবং ইউনিয়ন পরিষদ ভবনটি সংস্কারের জন্য সভায় অনুরোধ করেন। | ০১। চেয়ারম্যান, খয়েরবাড়ী ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর ইউপি ভবনটি সরেজমিন পরির্দশন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান, খয়েরবাড়ী ইউপি ফুলবাড়ী, দিনাজপুর।<br>উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর। |

| | | |
|---|---|---|
| ২.৬ নং দৌলতপুর ইউপিঃ চেয়ারম্যান দৌলতপুর ইউপি সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | ০১। চেয়ারম্যান, দৌলতপুর ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। চেয়ারম্যান, দৌলতপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরকে তার ইউনিয়নে রাজস্ব আদায় বৃদ্ধি করার অনুরোধ করা হলো। | ১) চেয়ারম্যান দৌলতপুর ইউপি ফুলবাড়ী, দিনাজপুর। |
| ২.৭ নং শিবনগর ইউপিঃ চেয়ারম্যান শিবনগর ইউপি সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | ০১। চেয়ারম্যান, শিবনগর ইউপি, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ১) চেয়ারম্যান শিবনগর ইউপি ফুলবাড়ী, দিনাজপুর। |

৩। বিভাগীয় আলোচনাঃ

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৩.১ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুরের প্রতিনিধি সভায় জনান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলবাড়ী, দিনাজপুরে কোভিড ১৯ ভ্যাক্সিন সরবরাহ নাই এবং কমিউনিটি ক্লিনিক পর্যায়ে আগামী ২১-২৫ সেপ্টেম্বর, ২০২৩ তারিখ পর্যন্ত ৩০-৬০ বছর বয়সী মহিলাদের জরায়ু মুখ ক্যান্সার পরীক্ষা ক্যাম্প অনুষ্ঠিত হবে। এ বিষয়ে সার্বিক সহযোগিতার জন্য সভায় অনুরোধ করেন। | ১) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। মেয়র, ফুলবাড়ী পৌরসভাসহ সকল ইউনিয়ন চেয়ারম্যানগণ এ বিষয়ে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফুলবাড়ী |
| ৩.২ প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, ল্যাম্পিং রোগে আক্রান্ত গরুকে পল্লী চিকিৎসকগণ মাত্রাতিরিক্ত এন্টিবায়োটিক ব্যবহারের ফলে গরু মৃত্যু হয়। তাই কোন পশু রোগে আক্রান্ত হলে উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। | ১) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ৩.৩ উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান তাঁর দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। রাসায়নিক সারের মজুদ পর্যাপ্ত রয়েছে। | ১) উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর আসন্ন ইরি মৌসুমে কৃষকগণকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৪ উপজেলা মৎস্য বিভাগঃ উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। আপাতত কোন সমস্যা নাই। কারেন্ট জাল ব্যবহার বন্ধে অভিযান চলমান আছে। এ উপজেলায় মৎস্যজীবি সমিতির সংখ্যা ০৮টি | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা ফুলবাড়ী। |
| ৩.৫ উপজেলা শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান তাঁর দাপ্তরিক কর্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। মনিটরিং ও পরিদর্শন যথারীতি চলছে। প্রাথমিক শিক্ষা উপবৃত্তি ৩য় ও ৪র্থ কিস্তি চলমান আছে | ০১। উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা শিক্ষা অফিসার ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৬ সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী সভায় জনান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। সামাজিক নিরাপত্তা ভাতা সমহের চলতি আগস্ট, ২০২৩ মাসে ০৭টি ইউনিয়নসহ ০১টি পৌরসভার সকল ভাতা সমূহের লাইফ ভেরিফিকেশন ৯৭% সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৩% মৃত্যু জনিতকারণে প্রতিস্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। ৩% প্রতিস্থাপনকৃত ভাতাভোগীর নামের তালিকা অনুমোদন প্রয়োজন। | ১) উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>২) সকল ভাতাভোগীর লাইফ ভেরিফিকেশনে উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুরকে সার্বিক সহযোগিতা করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। |

| | | |
|---|---|---|
| ৩.৭ মহিলা বিষয়ক দপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফুলবাড়ী সভায় জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের নতুন ভাতাভোগীর নির্বাচন এর কাজ চলমান আছে। VWB কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দ সেপ্টেম্বর, ২০২৩ মাসে পাওয়া গেছে। তাই সেপ্টেম্বর, ২০২৩ মাসে জুলাই, আগস্ট ও সেপ্টম্বর তিন মাসের চাল বিতরণ কার্যক্রম চলমান আছে। চুক্তিবদ্ধ এনজিও না থাকায় প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে না | ০১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। VWB কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী সুষ্ঠুভাবে বিতরণ কার্যক্রম সমাপ্ত করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৮ পরিবার পরিকল্পনা অফিসঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। চিন্তামন ১০ শয্যা বিশিষ্ট হাসপাতালে সেবা কার্যক্রম চলমান আছে। | ০১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.৯ জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। সাব মার্সিবল পাম্প স্থাপন দ্রুত সমাপ্ত করা হচ্ছে এবং চলতি মাসে তারা পাম্প বিতরণ করা হবে। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখবেন। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফুলবাড়ী। |
| ৩.১০ উপজেলা প্রকৌশল অধিদপ্তরঃ উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। সকল ইউনিয়নে, এলজিইডি, ফুলবাড়ী, দিনাজপুরের একজন করে উপসহকারী প্রকৌশলী ট্যাগ করা হবে তাই ইউনিয়নে তাদের বসার জন্য ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ করেন। | ১) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। ইউনিয়ন পরিষদের ভবনে উপসহকারী প্রকৌশলী, এলজিইডি, ফুলবাড়ী, দিনাজপুরের বসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।<br>০৩। উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের প্রধান ফটকের নকশাসহ প্রাক্কলন প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, দিনাজপুর<br>চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর |

| | | |
|---|---|---|
| ৩.১১ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তার কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | ০১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.১২ উপজেলা সমবায় দপ্তর : উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় উপস্থিত না থাকায় তার কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। ফুলবাড়ী উপজেলার সকল আশ্রয়ন প্রকল্পে সমবায় সমিতি গঠন করে পত্র মারফত অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার ফুলবাড়ী, দিনাজপুর |
| ৩.১৪ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবি ভাবে চলছে আপাতত কোন সমস্যা নাই। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার ও বকেয়া ঋণ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.১৫ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। এইচ,এস,সি পরীক্ষা সুষ্ঠুভাবে চলছে এবং পরিদর্শনসহ অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। স্কুল কলেজ চলাকালীন সময়ে কোচিং বন্ধ করার জন্য সভায় অনুরোধ করেন। নতুন কারিকুলামে শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে কি না এ বিষয়ে পর্যবেক্ষনের জন্য ১১টি বিষয়ের মাস্টার ট্রেইনারের মাধ্যমে পরিদর্শন করা হচ্ছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর। |

| | | |
|---|---|---|
| ৩.১৬ উপজেলা বন কর্মকর্তা : উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী সভায় উপস্থিত না থাকায় তার কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন | উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.১৭ উপজেলা নির্বাচন বিভাগঃ উপজেলা নির্বাচন অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটারের সকল প্রকার স্থানান্তর, সংশোধন বন্ধ আছে। এ বিষয়ে সকলকে অবহিত করার জন্য মেয়র, ফুলবাড়ী পৌরসভাসহ সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ করেন। | উপজেলা নির্বাচন অফিসার, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। মেয়র, ফুলবাড়ী পৌরসভাসহ সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগন আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটারের সকল প্রকার স্থানান্তর, সংশোধন বন্ধ আছে। এ বিষয়ে সকলকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।<br>মেয়র, ফুলবাড়ী পৌরসভাসহ সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগন |
| ৩.১৮ বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ : সহকারী প্রকৌশলী, বিএমডিএ ইউনিট-২, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। খরা মৌসুমে প্রয়োজনে সেচ কার্যক্রম শুরু করা হবে। সেচ লাইসেন্স প্রদানের জন্য দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | ০১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>০২। সেচ লাইসেন্স প্রদানের জন্য যথাযথভাবে তদন্ত কার্য সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>০৩। যে সকল সেচ লাইসেন্সের বিষয়ে মামলা আছে সে সকল সেচ লাইসেন্সের বিষয়ে মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সকল কার্যক্রম স্থগিত রাখত হবে এবং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ ইউনিট-২ ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.১৯ উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে আপাতত কোন সমস্যা নাই। প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে এবং আসন্ন জাতীয় নির্বাচন ও দুর্গাপূজা উপলক্ষ্যে প্রশিক্ষণ ও অন্যান্য কাযর্ক্রম চলমান আছে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.২০ পল্লী সঞ্চয় ব্যাংকঃ পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে আপাতত কোন সমস্যা নাই। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, দিনাজপুর চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.২১ পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ উপজেল সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। বকেয়া ঋণ আদায়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন এবং অন্যান্য আদায় শতভাগ। গত ১৯/০৯/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ তার দপ্তরের একজন কর্মকর্তা সড়ক দুর্ঘটনার স্বীকার হয়ে হাসপাতালে ভর্তি আছেন। | উপজেল সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>০২। কোন কর্মকর্তা/কর্মচারী যে কোন প্রকার দুর্ঘটনার স্বীকার হলে দ্রুত অবহিত করার জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হলো। | উপজেল সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী। |
| ৩.২২ পল্লী বিদ্যুৎ সমিতি- ২: জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি- ২ এর প্রতিনিধি সভায় জানান যে, সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি- ২, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি- ২, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.২৩ নেসকো : আবাসিক প্রকৌশলী, নেসকো সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | আবাসিক প্রকৌশলী, নেসকো, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | আবাসিক প্রকৌশলী, নেসকো, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.২৪ উপজেলা হিসাবরক্ষণ দপ্তর: উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফুলবাড়ী ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.২৫ উপজেলা খাদ্য অধিদপ্তর : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, চলতি বছরে ৯২০০ মে: টন চাল ও ৮২১ মে: টন ধান সংগ্রহ হয়েছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৩.২৬ ইউজিডিপি (পরিচালন ও উন্নয়ন) ইউডিএফ, ইউজিডিপি, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায় নাই। | ইউডিএফ, ইউজিডিপি, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর চলমান কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ইউডিএফ, ইউজিডিপি, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর। |

| | | |
|---|---|---|
| ৩.২৭ উপজেলা যুব উন্নয়ন অফিস: উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফুলবাড়ী সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আপাতত কোন সমস্যা নাই। তার দপ্তরের জনবল অনুযায়ী কক্ষ কম হওয়ায় দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার সমস্যা হচ্ছে তাই কক্ষ বরাদ্দের জন্য সভায় অনুরোধ করেন। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী চলমান কার্যক্রম সুষ্টভাবে অব্যাহত রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>ফুলবাড়ী, দিনাজপুর |
| ৩.২৮ সহকারী প্রোগ্রামার: সহকারী প্রোগ্রামার, ফুলবাড়ী, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। সকল দপ্তরকে ওয়েবপোর্টাল হালনাগাদ করার জন্য সভায় অনুরোধ করেন। | সভায় সর্বসম্মতিক্রমে সকল দপ্তর তাদের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করবেন। | সকল দপ্তর প্রধান<br>ও<br>সহকারী প্রোগ্রামার |

৪। বিবিধঃ উপজেলা পরিষদ চত্বরের বাসা-বাড়ীর বিভিন্ন মেরামত, আপ্যায়ন ও অন্যান্য দ্রব্য ক্রয় বাবদ খরচের ব্যয় বিবরণী অনুমোদনের নিমিত্ত নিম্নোক্তভাবে দাখিল করা হয়।

| | |
|---|---|
| মেসার্স মেরিনা ফিলিং স্টেশন, ফুলবাড়ী, দিনাজপুর জুলাই, ২৩ মাসের জ্বালানী তেলের বিল | ২২,৩৫৭/- |
| ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি, ফুলবাড়ী শাখা, দিনাজপুর জুলাই, ২৩ মাসের জ্বালানী তেলের বিলের ভ্যাট জমা | ১,১১৮/- |
| জনাব মো: আতাউর রহমান মিল্টন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের আগস্ট, ২০২৩ মাসের সম্মানী | ৪৫,০০০/- |
| জনাব মঞ্জু রায় চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের আগস্ট, ২০২৩ মাসের সম্মানী | ২৭,০০০/- |
| জনাব মোছা: নীরু সামসুন্নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের আগস্ট, ২৩ মাসের সম্মানী | ২৭,০০০/- |
| শ্রী নয়ন চন্দ্র বর্মন, ঝাড়ুদার, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের আগস্ট, ২০২৩ মাসের মজুরী বিল | ১৭,০৫০/- |
| মো: আতাউর রহমান, মালী উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের আগস্ট, ২০২৩ মাসের মজুরী বিল | ১৬,৫০০/- |
| মো: মুকুল শেখ, জীপ গাড়ী চালক, জীপ গাড়ী সার্ভিসিং বিল | ১৭,০০০/- |
| মো: মাহমুদ হোসেন, জুলাই ও আগস্ট মাসের আনুষাঙ্গিক বিল | ১০,০০০/- |
| শম্ভু গুপ্ত, উত্তম সুইটস, ফুলবাড়ী, দিনাজপুর জুলাই ও আগস্ট মাসের আপ্যায়ন বিল | ২০,০০০/- |
| মো: নজরুল ইসলাম, ভাই বোন ভ্যারাইটি জুলাই ও আগস্ট মাসের আপ্যায়ন বিল | ১৮,২০০/- |
| মো: সেলিম উদ্দিন, এস আর কনফেকশনারী, জুলাই ও আগস্ট মাসের আপ্যায়ন বিল | ২১,৮০০/- |
| জনাব মো: আতাউর রহমান মিল্টন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের মে, ২২ হতে ডিসে ২২ পর্যন্ত ভ্রমন বিল | ৬৪,৩৭৫/- |
| জনাব মঞ্জু রায় চৌধুরী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের মে, ২২ হতে ডিসে ২২ পর্যন্ত ভ্রমন বিল | ৪০,৫০০/- |
| জনাব মোছা: নীরু সামসুন্নাহার, মহিলা ভা: চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুরের মে, ২২ হতে ডিসে ২২ পর্যন্ত ভ্রমন বিল | ৪০,৫০০/- |

উপরোক্ত ব্যয় বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। উক্ত ব্যয় অন্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ২১/০৯/২০২৩ তারিখ পর্যন্ত ৪৫,৭৮,৭৭৫/১৫ টাকা স্থিতি রয়েছে।

| | | |
|---|---|---|
| ৪.১ উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী বলেন যে, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে বীর মুক্তিযোদ্ধাদের রাস্তার নাম করণের নিমিত্ত উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় আলোচনাপূর্বক মেয়র, ফুলবাড়ী পৌরসভাসহ সকল ইউপি চেয়ারম্যানদের নিকট হতে প্রস্তাবনাসহ তালিকা দাখিলের জন্য অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি কোন প্রস্তাব পাওয়া যায় নাই। তাই আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বীর মুক্তিযোদ্ধাদের নামে রাস্তা নাম করণের নিমিত্ত প্রস্তাবনাসহ তালিকা দাখিলের জন্য পুণরায় সভাপতির মাধ্যমে মেয়র, ফুলবাড়ী পৌরসভাসহ সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | মেয়র, ফুলবাড়ী পৌরসভাসহ সকল ইউপি চেয়ারম্যানগণ বীর মুক্তিযোদ্ধাদের রাস্তার নাম করণের নিমিত্ত প্রস্তাবনাসহ তালিকা আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর বরাবর দাখিলের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | মেয়র<br>ফুলবাড়ী পৌরসভা<br>ও<br>সকল ইউপি<br>চেয়ারম্যান<br>ফুলবাড়ী, দিনাজপুর। |
| ৪.২ উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী সকল দপ্তর প্রধানদের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির নিয়মিত সভা করার নির্দেশনা থাকলেও স্ট্যান্ডিং কমিটির সদস্য সচিবগণ নিয়মিত সভা করছেন না। তাই তিনি স্ট্যান্ডিং কমিটির নিয়মিত সভা করে গুরুত্বপূর্ণ কোনো সিদ্ধান্ত থাকলে তা উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য সভাপতির মাধ্যমে স্ট্যান্ডিং কমিটি সংশ্লিষ্ট সদস্য সচিবগণকে পুনরায় অনুরোধ জানান। | সংশ্লিষ্ট স্ট্যান্ডিং কমিটির সদস্য সচিবগণ নিয়মিত সভা করে সভার গুরুত্বপূর্ণ কোনো সিদ্ধান্ত থাকলে তা উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থাপন করবেন। | সংশ্লিষ্ট সরকারি দপ্তর |
| ৪.৩ উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং এর দন্ড সম্পর্কে জনসচেতনতার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ের প্রতিটি সভায় আলোচনা অব্যাহত রাখার জন্য সভাপতির মাধ্যমে সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। | চেয়ারম্যান, সকল ইউপি ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং এর দন্ড সম্পর্কে জনসচেতনতার লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ের প্রতিটি সভায় আলোচনা অব্যাহত রাখবেন। | চেয়ারম্যান, সকল ইউপি<br>ফুলবাড়ী, দিনাজপুর। |

| | | |
|---|---|---|
| ৪.৫ উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর বলেন যে, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা এর গত ২০ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০৬৩.২০১৪.৪৩১ নং স্মারকে দেশের সকল উপজেলায় পর্যায়েক্রমে একটি শেখ রাসেল শিশু পার্ক নির্মাণে প্রতিটি পার্কের জন্য কি পরিমাণ জমি প্রয়োজন, কিভাবে জমি নির্বাচন করা যায় এবং সম্ভাব্য কত টাকা ব্যয় হতে পারে তার প্রস্তাব প্রেরণ করার জন্য পত্র পাওয়া গেছে। | সভায় সম্মতিক্রমে জমি নির্বাচনের জন্য সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুরকে পত্র প্রেরনের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ফুলবাড়ী, দিনাজপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোণা করেন।

(মোঃ আতাউর রহমান মিল্টন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর।
ফোন- ০৫৩২৭-৫৬৫৪৬
২১/০৯/২০২৩

উপজেলা পরিষদ
ফুলবাড়ী, দিনাজপুর।
পোঃ কোড- ৫২৬০

স্মারক নং- ০৫.৫৫.২৭৩৮.০০০.৫২.০০২.২০২০-১৫৩১(৪০)

তারিখ: ০৬ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য-১০ দিনাজপুর- ৫ ও সভাপতি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের ,কার্যালয়, রংপুর।
০৪। জেলা প্রশাসক, দিনাজপুর
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
০৭। মেয়র, ফুলবাড়ী, পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
০৯। চেয়ারম্যান ............................................... ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর।
১০। উপজেলা ............................................... কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর।
১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ফুলবাড়ী, দিনাজপুর। তাঁকে সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১২। নোটিশ বোর্ড।

২১.০৯.২৩

(মীর মো: আল কামাহ্ তমাল)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।
ফোন- ০২৫৮৮৮৭৮২৪
২১/০৯/২০২৩

উপস্থিত সদস্যগণের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) : পরিশিষ্ট 'ক'

| ক্রঃ নং | পদবী |
|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি)- |
| ৪ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ৬ | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ৭ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ৮ | উপজেলা সমাজ সেবা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ৯ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর – |
| ১০ | উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ১২ | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ১৩ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ১৪ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, দিনাজপুর - |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশলী, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ১৬ | উপজেলা নির্বাচন অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ১৭ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ১৮ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ ইউনিট- ২, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ১৯ | উপজেল সিনিয়র দারিদ্র বিমোচন কর্মকর্তা, ফুলবাড়ী |
| ২০ | চেয়ারম্যান, ১ নং এলুয়াড়ী ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ২১ | চেয়ারম্যান, ২ নং আলাদীপুর ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ২২ | চেয়ারম্যান, ৩ নং কাজিহাল ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ২৩ | চেয়ারম্যান, ৫ নং খয়েরবাড়ী ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ২৪ | চেয়ারম্যান, ৬ নং দৌলতপুর ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ২৫ | ব্যাবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, ফুলবাড়ী, দিনাজপুর (প্রতিনিধি)- |

অনুপস্থিত সদস্যগণের তালিকা : পরিশিষ্ট 'খ'

| ক্রঃ নং | পদবী |
|---|---|
| ১ | মেয়র, ফুলবাড়ী পৌরসভা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ২ | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ৩ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর |
| ৪ | চেয়ারম্যান, ৪ নং বেতদিঘী ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ৫ | চেয়ারম্যান, ৭ নং শিবনগর ইউপি, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ৬ | উপজেলা বন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর |
| ৭ | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ৮ | জি.এম, পল্লী বিদ্যুৎ সমিতি- ২, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ৯ | আবাসিক প্রকৌশলী (নেসকো), ফুলবাড়ী, দিনাজপুর |
| ১০ | উপজেলা তথ্য কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ১২ | উপজেলা সমবায় অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর- |
| ১৩ | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), ফুলবাড়ী, দিনাজপুর- |